

বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২

**Bogura Palli Bidyut Samity-2**

বেতগাড়ী, বনানী, বগুড়া।

টেলিফোনঃ ০৫১-৭৮৩৬০, মোবাইল নং- ০১৭৬৯-৪০০০৯০, E-mail : bograpbs2@gmail.com

স্মারক নং-২৭.১২.১০৮৫.৫৭৪.০২.০০৮.১৯.৭২৮

তারিখঃ-৩১/১২/২০১৯ইং।

আইন উপদেষ্টা পদে নিয়োগ বিজ্ঞপ্তি।


বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর মামলা মোকদ্দমা পরিচালনার জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে একজন আইন উপদেষ্টা নিয়োগের লক্ষ্যে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ-

- ০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।
- ০২। বগুড়া জেলা/উপজেলা আদালত এবং সহকারী জজ আদালতে কমপক্ষে ০৮(আট) বৎসর আইন ব্যবসায় নিয়োজিত থাকতে হবে।
- ০৩। অবসরপ্রাপ্ত বিচার বিভাগীয় কর্মকর্তা যারা বর্তমানে আইন ব্যবসায় নিয়োজিত তাঁদের জন্য ২নং শর্ত শিথিল যোগ্য।
- ০৪। আলোচ্য পদে নির্বাচিত আইনজীবীকে ০৩(তিন) বছরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে।
- ০৫। নিয়োগপ্রাপ্ত আইন উপদেষ্টাকে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত হারে মাসিক রিটেইনার ফি বাবদ ৩,০০০.০০ (তিন হাজার) টাকা ও প্রতি মোকদ্দমার জন্য নির্ধারিত হারে অন্যান্য ফি প্রদান করা হবে।
- ০৬। অন্য পবিসে আইন উপদেষ্টা হিসাবে নিয়োজিত থাকলে অত্র পবিসে নিয়োগের জন্য কেউ আবেদন করতে পারবেন না।

উপরোক্ত পদে নিয়োগ লাভে ইচ্ছুক প্রার্থীকে সাদা কাগজে সহস্বে লিখিত আবেদন পত্রে নিজ নাম (স্পষ্টাক্ষরে), বর্তমান ও স্থায়ী ঠিকানা, এ্যাডভোকেট হিসাবে এনরোলমেন্ট এর তারিখ, আইন ব্যবসায়ের সময়কাল (১। সহকারী জজ/ম্যাজিস্ট্রেট কোর্ট, ২। জজ কোর্ট, ৩। সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশন/আপিল ডিভিশন), আইন উপদেষ্টা পদে পূর্ব অভিজ্ঞতা, স্থানীয় স্ব-শাসিত অথবা অন্য কোন প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা পদে বর্তমানে নিয়োজিত থাকিলে উহার পূর্ণ বিবরণ উল্লেখ পূর্বক সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, বাংলাদেশ বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত আইন ব্যবসার এনরোলমেন্ট এর সনদ পত্রের সত্যায়িত কপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি সত্যায়িত রঙিন ছবি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি/স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/কাউন্সিলরএর নিকট হতে জাতীয়তার সনদপত্রসহ নিম্নস্বাক্ষরকারীর বরাবরে আগামী ১৫/০১/২০২০ইং তারিখের মধ্যে আবেদন করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন পত্র না পৌঁছালে উহা গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

- ০৭। শর্তাবলীতে উল্লেখ নাই এরূপ কোন সমস্যার উদ্ভব হলে বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
(প্রকৌঃ মোঃ আব্দুল কুদ্দুস)  
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় (বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থার অনুরোধসহ)।

- ১। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ(উঃ)পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ, বগুড়া।
- ৩। জেলা প্রশাসক, বগুড়া।
- ৪। পুলিশ সুপার, বগুড়া।
- ৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, বগুড়া।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, ....., বগুড়া।
- ৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ..... পবিস-১/২/৩/৪।
- ৮। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা বার সমিতি, বগুড়া।
- ৯। নোটিশ বোর্ড, বপবিস-২।

(প্রকৌঃ মোঃ আব্দুল কুদ্দুস)  
জেনারেল ম্যানেজার